



বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশিবাজার, ঢাকা-১২১১।

M.C-16695

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576

নং- বামাশিবো/প্রশা/ পিরোজপুর-১৩৫/ ১২০১

তারিখ : ৫/৪/২০১৬খ্রিঃ

বিষয় : ম্যানেজিং কমিটির সভাপতি হিসাবে জনাব মোঃ রফিকুল ইসলাম এর পদ কেন বাতিল করা হবে না তার কারণ দর্শানো প্রসঙ্গে।

সূত্র : স্মারক নং- ০৫.১০.৭৯৯০.০০৭.১৮.০৬৫.২০১৬-১৫৩; তারিখঃ ০৯/০৩/২০১৬খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, পিরোজপুর জেলার জিয়ানগর উপজেলাধীন পত্তাশি এস দাখিল মাদরাসার ম্যানেজিং কমিটির সভাপতি জনাব মোঃ রফিকুল ইসলাম এর বিরুদ্ধে নিয়োগ বানিজ্য, সভা না করে মনগড়া রেজুলেশন তৈরি করে সদস্যদের ভয়-ভীতি দেখিয়ে স্বাক্ষর গ্রহণ, অর্থ আত্মসাৎ, প্রতিষ্ঠানের স্বার্থ পরিপন্থি কার্যক্রম এর অভিযোগ আনয়ন করে ০৭ (সাত)জন সদস্য পদত্যাগপত্র দাখিল করেন। এছাড়া একই বিষয় উল্লেখসহ বিধি বহির্ভূতভাবে সুপারকে চূড়ান্তভাবে বরখাস্ত করা হয়েছে মর্মেও মাদরাসার সুপার পৃথকভাবে একখানা অভিযোগ বোর্ডে দাখিল করেন।

২) উত্থাপিত অভিযোগ ও মাদরাসার সার্বিক বিষয়ে সরজমিনে তদন্ত পূর্বক মতামতসহ একটি প্রতিবেদন প্রেরণ করার জন্য উপজেলা নির্বাহী অফিসার, জিয়ানগর, পিরোজপুরকে পত্র দেয়া হয়। উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা সমাজসেবা অফিসার, জিয়ানগর, পিরোজপুর এর মাধ্যমে তদন্ত পূর্বক একখানা প্রতিবেদন বোর্ডে প্রেরণ করেছেন। প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায়, মাদরাসার সুপার এবং ম্যানেজিং কমিটির সদস্যগণ কর্তৃক কমিটির সভাপতির বিরুদ্ধে আনিত অভিযোগের সত্যতা রয়েছে। সভাপতি হিসাবে জনাব মোঃ রফিকুল ইসলাম এর এহেন কার্যকলাপ বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা (গভার্ণিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা-২০০৯ (২০১২ সাল পর্যন্ত সংশোধিত) এর প্রবিধান- ১১, ৩৬, ৩৭, ৩৮ ও ৪১ এর পরিপন্থি

বর্ণিত অবস্থায় বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা (গভার্ণিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা-২০০৯ (২০১২ সাল পর্যন্ত সংশোধিত) এর প্রবিধান-৩৮(১) এর ক্ষমতাবলে এ দপ্তর হতে নং- বামাশিবো/প্রশা/২৭৮৬/৪/নথি নং-পিরোজ-১৩৫; তারিখঃ ১১/১১/২০১৪খ্রিঃ স্মারকে অনুমোদিত ম্যানেজিং কমিটির সভাপতি হিসাবে জনাব মোঃ রফিকুল ইসলাম এর পদ কেন বাতিল করা হবে না আগামী ৩০ (ত্রিশ) দিনের মধ্যে তার সন্তোষজনক জবাব নিম্নস্বাক্ষরকারী বরাবর দাখিল করার জন্য অনুরোধ করা হলো।

২৪/৩ -

প্রফেসর এ, কে, এম, ছায়েফ উল্যা
চেয়ারম্যান (ভারপ্রাপ্ত)
ও রেজিস্ট্রার
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোন : ৫৮৬১০২১৬

প্রাপকঃ সভাপতি- ম্যানেজিং কমিটি, পত্তাশি এস দাখিল মাদরাসা
জিয়ানগর, পিরোজপুর।

নং- বামাশিবো/প্রশা/ পিরোজপুর-১৩৫/ ১২০১

তারিখ : ৫/৪/২০১৬খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি :

১. উপজেলা নির্বাহী অফিসার, জিয়ানগর, পিরোজপুর।
২. জেলা শিক্ষা অফিসার, পিরোজপুর।
৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, জিয়ানগর, পিরোজপুর।
৪. সুপার, পত্তাশি এস দাখিল মাদরাসা, জিয়ানগর, পিরোজপুর।
৫. সদস্যবৃন্দ- ম্যানেজিং কমিটি, পত্তাশি এস দাখিল মাদরাসা, জিয়ানগর, পিরোজপুর।
৬. পি এ টু চেয়ারম্যান/রেজিস্ট্রার, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৭. অফিস কপি।

২৪/৩

মোঃ মজিবুর রহমান
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোন : ৯৬৭৪৮৭৪